



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার নং- ০১

তারিখঃ ১৩ কার্তিক ১৪৩০
২৯ অক্টোবর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আর্থিক অন্তর্ভুক্তি সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ও টেকসই উন্নয়ন নিশ্চিতকল্পে বর্তমান বিশ্বে আর্থিক অন্তর্ভুক্তিকে গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে বিবেচনা করা হয়। একটি অন্তর্ভুক্তিমূলক আর্থিক কাঠামোয় একদিকে যেমন কর্মসংস্থান সৃষ্টি হয়, তেমনি অন্যদিকে ঝুঁকি প্রশমন ও দারিদ্র্য বিমোচন হওয়ায় আর্থিক স্থিতিশীলতা অর্জিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রূপকল্প অনুযায়ী ২০৪১ সালের মধ্যে 'স্মার্ট বাংলাদেশ' গঠন এবং জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর আওতায় ২০৩০ সালের মধ্যে দারিদ্র্য দূরীকরণ ও আর্থিক খাতে নারী-পুরুষের সমান অংশগ্রহণ নিশ্চিতকল্পে প্রত্যেক জনগোষ্ঠীর জন্য প্রচলিত এবং ডিজিটাল উভয় মাধ্যমেই আর্থিক পণ্য/সেবা সহজলভ্য করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক নিরলসভাবে কাজ করছে।


০২। আর্থিক অন্তর্ভুক্তির মাধ্যমে জনসাধারণের জীবনমান উন্নয়নে বাংলাদেশ ব্যাংক সময় সময় বিভিন্ন নীতিমালা/গাইডলাইন/নির্দেশনা জারি করে। এ সকল নীতিমালা/গাইডলাইন/নির্দেশনার বাস্তবায়ন এবং নিজস্ব উদ্যোগে গৃহীত বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে ব্যাংকসমূহ দেশের আর্থিক অন্তর্ভুক্তির ধারাবাহিক উন্নয়নে অবদান রাখছে। এ ধারা অব্যাহত রাখতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আর্থিক অন্তর্ভুক্তির উন্নয়নে জারিকৃত বিভিন্ন নীতিমালা/গাইডলাইন/নির্দেশনার যথাযথ বাস্তবায়ন এবং ব্যাংকসমূহের পরিচালিত বিভিন্ন উদ্যোগ ও কার্যক্রমের ফলে আর্থিক অন্তর্ভুক্তি সংশ্লিষ্ট বিভিন্ন নির্দেশকের অগ্রগতি সংক্রান্ত তথ্য নিয়মিত সংগ্রহ ও পর্যালোচনা করার নিমিত্তে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণীয় হবে:

- ক) সংযুক্ত Annexure-A এবং Annexure-B অনুযায়ী ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তি সংক্রান্ত জানুয়ারি-জুন ও জুলাই-ডিসেম্বর ষাণ্মাসিকের তথ্য প্রতিটি ষাণ্মাসিক সম্পন্ন হওয়ার পরবর্তী মাসের মধ্যে 'পরিচালক (এফআইডি), ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা' বরাবর প্রেরণ করতে হবে;
- খ) তথ্য প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের একজন ফোকাল কর্মকর্তা থাকবেন। ফোকাল কর্মকর্তার তথ্য (নাম, পদনাম, কর্মরত বিভাগ/ইউনিট/উইং, ইমেইল আইডি, মোবাইল নম্বর) সার্কুলার জারির ১৫ কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে এবং ফোকাল কর্মকর্তা পরিবর্তন হলে পরবর্তী ০৭ কর্মদিবসের মধ্যে তা এ বিভাগকে অবহিত করতে হবে; এবং
- গ) জুলাই-ডিসেম্বর, ২০২৩ ষাণ্মাসিক হতে এ নির্দেশনার আলোকে বর্ণিত তথ্য প্রেরণ করতে হবে।

০৩। আর্থিক অন্তর্ভুক্তি বিষয়ে ব্যাংকের অবদান বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত CAMELS Rating এর Management অংশে প্রতিফলিত হবে।

০৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ ইকবাল মহসীন)
পরিচালক (এফআইডি) (চলতি দায়িত্বে)
ফোন: ৯৫৩০২৬২

Annexure-A: Financial Inclusion Information

Date: As on

Bank Name:

Table A: Bank Level Financial Inclusion Data

(All data should be at actual)

Number of Access Points						Number of Accounts			
Bank Branch: Rural	Bank Branch: Urban	Bank Branch: Total	Sub-Branch	Agent Outlets	ATM Booth	Individual Bank Account (Deposit)	Individual Bank Account of Women (Deposit)	Individual Bank Account (Loan)	Individual Bank Account of Women (Loan)
1	2	3	4	5	6	7	8	9	10

Number of Accounts		Amount of Deposit			Wage Earners' Remittance	Consumer Empowerment & Financial Literacy (FL)			
No-Frill Account except SBA*	SBA	Aggregate Bank Deposit	Aggregate Deposit in NFAs**	Amount of Deposit under SBA	Total Remittance Received (BDT)	No of FL Program arranged	No of Participants attended	Complaints Received by the bank	Complaints Resolved by the bank
11	12	13	14	15	16	17	18	19	20

Signature :

Name :

Designation :

Department/Unit:

Cell Phone :

E-mail :

Note:

Figures in columns 16-20 should be in aggregate form for the reporting period (6 months)

*SBA=School Banking Account

**NFA=No-Frill Account

m

Annexure-B: Digital Financial Inclusion & Policy Supports

Date: As on

Bank Name:

Table B: Digital Usage of Banking Services

Sl.	Digital Financial Inclusion Information	a. YES/NO	If Yes: Number of Transactions*
1	Whether the bank provides internet banking facility?		
2	Whether the bank facilitates e-commerce?		
3	Whether the bank has Smartphone application?		
4	Whether the bank facilitates Bangla QR?**		

Table C: Policy Support for Financial Inclusion

Sl.	Policy & Programs along with Org. Structure of the bank	a. YES/NO	b. Remarks (if any)***
1	Availability of customer service and complaint management related policies:		
	a) Code of Conduct		
	b) Service Standards		
	c) Customer Charter		
2	Implementation of e-KYC		
3	Specific training module for its employees on financial inclusion****		
4	Formation of Financial Literacy Wing		
5	Manpower assigned for Financial Inclusion and Financial Literacy activities (input Numerical Value)		
6	Total Manpower in Head Office (input Numerical Value)		
7	Special Initiatives undertaken/product launched to increase financial inclusion		

Note:

* Number of transaction during the reporting period (6 months)

** Sum of On-us and Off-us transactions number as issuer and acquirer

***Please attach documents for each items under Table C to support your information

**** During the reporting period

Signature :

Name :

Designation :

Department/Unit:

Cell Phone :

E-mail :

m